

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৫৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ কবর যিয়ারত করার নির্দেশ, কেননা কবর যিয়ারত মৃত্যুর কথা স্মরণ করিয়ে দেয়

ذِكْرُ الْأَمْرِ بِزِيَارَةِ الْقُبُورِ إِذْ زِيَارَتُهَا تذكِّر الموت

আরবী

3159 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَعْلَى بْنُ عُبَيْدٍ قَالَ: حَدَّثَنَا يَزِيدَ بْنِ كَيْسَانَ عَنْ أَبِي حَازِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: زَارَ حَدَّثَنَا يَزِيدَ بْنِ كَيْسَانَ عَنْ أَبِي حَازِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: زَارَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبْرَ أُمِّهِ فَبَكَى وَأَبْكَى مَنْ حَوْلَهُ ثُمَّ قَالَ: (اسْتَأْذَنْتُ رَبِّي أَنْ أَلْنَبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبْرَ أُمِّهِ فَبَكَى وَأَبْكَى مَنْ حَوْلَهُ ثُمَّ قَالَ: (اسْتَأْذَنْتُ رَبِّي أَنْ أَلْنَقُهُ أَنْ أَسْتَغْفِرَ لَهَا فَلَمْ يَأْذَنْ لِي فَزُورُوا الْقُبُورَ فَإِنَّهَا تُذَكِّرُكُمُ الْمَوْتَ) الْمَوْتَ)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3159 ا خلاصة حكم المحدث: صحيح – ((أحكام الجنائز)) (ص 238): م.

বাংলা

৩১৫৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মার কবর যিয়ারত করেন। তিনি নিজে কাঁদেন এবং তাঁর আশপাশের লোকদেরকেও কাঁদান। তারপর তিনি বলেন, "আমি আমার প্রভুর কাছে আমার মার কবর যিয়ারত করার অনুমতি চাইলে, তিনি আমাকে অনুমতি দেন। অতঃপর আমি তার জন্য ক্ষমা প্রার্থনা করার অনুমতি চাইলে, তিনি আমাকে সেই অনুমতি দেননি। কাজেই তোমরা কবর যিয়ারত করবে। কেননা এটি তোমাদেরকে মৃত্যুর কথা স্মরণ করিয়ে দিবে।"[1]

ফুটনোট

[1] হাকিম: ১/৩৭৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৪৩; মুসনাদ আহমাদ: ২/৪৪১; সহীহ মুসলিম: ৯৭৬; নাসাঈ: ৪/৯০; আবূ দাউদ: ৩২৩৪; ইবনু মাজাহ: ১৫৭২; সুনান বাইহাকী: ৪/৭৬; বাগাবী: ১৫৫৪।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয়: ২৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন